

### ১। ইউসিবি সবুজ সঞ্চয় একাউন্ট কি ধরনের একাউন্ট?

**উত্তর:** পেপারলেস ব্যাংকিং ধারণাকে বাস্তবায়নের লক্ষ্যে ইউসিবি এনেছে সবুজ সঞ্চয় একাউন্ট।

- ডিজিটাল অন-বোর্ডিং (Uclick) এর মাধ্যমে ঘরে বসে একাউন্ট খোলার সুযোগ

### ২। কারা এই একাউন্ট খুলতে পারবেন?

**উত্তর:** ১৮ বছর বা তদূর্ধ্ব বয়সী যেকোন বাংলাদেশী নাগরিক।

### ৩। ইউসিবি সবুজ সঞ্চয় একাউন্টের সুযোগ-সুবিধা সমূহ কী?

**উত্তর:** সবুজ সঞ্চয় একাউন্টের সুযোগ-সুবিধা সমূহ:

- একাউন্ট মেইনটেনেন্স ফি – প্রথম বছর **ফ্রি**
- ডেবিট কার্ড ফি – ৩০০ টাকা মাত্র
- এসএমএস ব্যাংকিং চার্জ – ১২৫ টাকা মাত্র
- চেক বইয়ের ঝামেলা নেই
- ইন্টারনেট ব্যাংকিং সুবিধা (Unet) - **ফ্রি**

### ৪। হিসাব খোলার সর্বনিম্ন ব্যালেন্স কত?

**উত্তর:** হিসাব খোলার সর্বনিম্ন ব্যালেন্স ১০০০ টাকা।

### ৫। ইউসিবি সবুজ সঞ্চয় একাউন্টের মাসিক লেনদেন সীমা কত?

**উত্তর:** মাসিক লেনদেন সীমা ১ (এক) লাখ টাকা। তবে প্রয়োজনে গ্রাহক যেকোন ইউসিবি শাখা/ উপ-শাখায় গিয়ে একাউন্ট ক্লাস কনভার্ট করে লেনদেন সীমা বাড়াতে পারবেন।

### ৬। লেনদেনের উপায় কী?

**উত্তর:** পেপারলেস লেনদেনে উৎসাহিত করতে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে-

- টাকা জমা দেয়ার মাধ্যম:
  - সিআরএম (CRM), ইউনেট(Unet), উপায় (Upay) এর মাধ্যমে ২৪/৭ টাকা জমা দেয়ার সুযোগ
  - তবে যেখানে সিআরএম (CRM) নেই, ডিপোজিটের পরিমাণ ৫০,০০০ টাকার বেশি হলে বা Outward Clearing চেকের ক্ষেত্রে শাখায় গিয়েও টাকা জমা দেয়া যাবে
- টাকা উত্তলনের মাধ্যম:
  - এটিএম (ATM), সিআরএম (CRM), ইউনেট (Unet), উপায় (Upay)
  - Pay-order হলে শাখায় গিয়ে উত্তলন করতে পারবেন

### ৭। একাউন্ট খোলার পদ্ধতি কি?

**উত্তর:** Google Play Store/ Apple App Store থেকে **Uclick** অ্যাপটি ডাউনলোড করুন অথবা **Uclick web version** খুলুন। সহজ কয়েকটি ধাপ সম্পন্ন করার মাধ্যমে ঘরে বসেই একাউন্ট খুলতে পারবেন।

### ৮। একাউন্ট খোলার জন্য কী কী লাগবে?

**উত্তর:** একাউন্ট খুলতে নিম্নোক্ত ডকুমেন্ট প্রয়োজন-

১. বৈধ জাতীয় পরিচয় পত্র (আবশ্যিক)
২. হাই রেজুলেশন ক্যামেরা/ওয়েবক্যাম ব্যবহার করে তোলা গ্রাহকের ছবি (সেলফি)
৩. নমিনির ছবি (স্ক্যান কপি/JPG)
৪. নমিনি অপ্রাপ্তবয়স্ক (১৮ বছরের কম বয়সী) হলে অভিভাবকের বিস্তারিত তথ্য সহ ছবি (স্ক্যান কপি/JPG)